

## অনলাইনে আবেদন শুরু তারিখ ০১/১২/২০২৪ ইং এবং আবেদনের শেষ তারিখ ৩০/১২/২০২৪ ইং।

### ভর্তি আবেদনের শর্তাবলী:

১. আবাসিক ভর্তির সর্বনিম্ন বয়স ৯ বছর ও অনাবাসিক ভর্তির সর্বনিম্ন বয়স ৮ বছর।
২. ৯ বছরের কম শিক্ষার্থীদের আবাসিকে রাখার জন্য মাসিক অতিরিক্ত ৫০০/- টাকা প্রদান করতে হবে।
৩. একজন শিক্ষার্থীর একাধিক আবেদন গ্রহণযোগ্য নহে।
৪. অনলাইনে আবেদন করার ৭২ ঘণ্টার মধ্যে আবেদন ফি প্রদান করতে হবে।
৫. অনলাইনে আবেদন করার পর আবেদন ফি পরিশোধ না করলে আবেদন বাতিল হিসেবে গণ্য হবে।

### আবেদন ফরম পূরণের নিয়মাবলী:

১. আবেদনে সকল তথ্য শিক্ষার্থীর জন্ম নিবন্ধন অনুযায়ী পূরণ করতে হবে।
২. **শিক্ষার্থীর তথ্য:** শিক্ষার্থীর পূর্ণ নাম বাংলায় ও ইংরেজিতে পূরণ করতে হবে। এরপর শিক্ষার্থীর জন্ম তারিখ, জন্ম নিবন্ধন নম্বর প্রদান করতে হবে।
৩. **একাডেমিক তথ্য:** শিক্ষার্থী যে শ্রেণিতে ভর্তি হতে ইচ্ছুক সেই শ্রেণি নির্ধারণ করে দিতে হবে। আবাসিক না অনাবাসিক হিসেবে ভর্তি হতে ইচ্ছুক তা নির্ধারণ করে দিতে হবে।
৪. **পিতার তথ্য:** পিতার নাম বাংলায় ও ইংরেজিতে, পিতার মোবাইল নম্বর, পেশা ও জাতীয় পরিচয়পত্র নম্বরের ঘর পূরণ করতে হবে।
৫. **মাতার তথ্য:** মাতার নাম বাংলায় ও ইংরেজিতে, পিতার মোবাইল নম্বর, পেশা ও জাতীয় পরিচয়পত্র নম্বরের ঘর পূরণ করতে হবে।
৬. **স্থায়ী ও বর্তমান ঠিকানা:** স্থায়ী ও বর্তমান ঠিকানার নির্দিষ্ট ফাঁকা ঘরগুলোতে গ্রাম/মহল্লা, ডাকঘর, থানা/উপজেলা ও জেলা প্রদান করতে হবে।
৭. পূর্বে যে প্রতিষ্ঠানে অধ্যয়ন করেছে সেই প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা এবং যে শ্রেণিতে পড়েছে সেই শ্রেণি পূরণ করতে হবে।
৮. **অভিভাবকের তথ্য:** পিতা মৃত বা পিতার অবর্তমানে অভিভাবকের নাম, মোবাইল নম্বর, পূর্ণ ঠিকানা ও শিক্ষার্থীর সাথে সম্পর্ক প্রদান করতে হবে।
৯. **শিক্ষার্থীর ছবি:** শিক্ষার্থীর ছবি আপলোড করুন অংশে Choose file এ ক্লিক করে শিক্ষার্থীর ছবি আপলোড করতে হবে। ছবি সর্বোচ্চ ১ মেগাবাইট এবং ৩০০ পিক্সেল x ৪০০ পিক্সেল JPG, JPEG, PNG ফরমেটের হতে হবে।
১০. সকল তথ্য সঠিকভাবে পূরণ করা হলে আবেদন করুন বাটনে ক্লিক করে আবেদন সম্পন্ন করতে হবে।

### আবেদন ফি প্রদান:

১. আবেদন করার ৭২ ঘণ্টার মধ্যে আবেদন ফি প্রদান করতে হবে।
২. আবেদন ফি প্রদান করার জন্য “Admission Fee Payment” বাটনে ক্লিক করতে হবে।
৩. এখানে শিক্ষার্থীর জন্ম নিবন্ধন নম্বর ও জন্ম তারিখ দিয়ে “তথ্য যাচাই করুন” বাটনে ক্লিক করলে শিক্ষার্থীর ছবিসহ তথ্য প্রদর্শিত হবে।
৪. প্রদর্শিত তথ্য সঠিক হলে “Pay Now” বাটনে ক্লিক করলে বিভিন্ন পেমেন্ট মেথড প্রদর্শিত হবে। যে কোনো একটি মেথডের মাধ্যমে আবেদন ফি প্রদান করা যাবে যেমন: বিকাশ, নগদ, রকেট, ভিসা কার্ড, মাস্টার কার্ড ইত্যাদি। আপনার পেমেন্ট সম্পন্ন হলে Admission Form টি প্রদর্শিত হবে।
৫. উপরে “Download PDF” বাটনে ক্লিক করে ফরমটি ডাউনলোড করতে হবে। ফরম ডাউনলোড শেষে উপরে “Admit Card Download” বাটনের ক্লিক করে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড করতে হবে।

৬. ভর্তি ফরম বা পরীক্ষার প্রবেশপত্র হারিয়ে গেলে পুনরায় ডাউনলোড করতে “Admit Download” বা “Admission Form Download” বাটনে ক্লিক করে শিক্ষার্থীর জন্ম নিবন্ধন নম্বর ও জন্ম তারিখ প্রদান করে পুনরায় ডাউনলোড করুন।

#### ভর্তি পরীক্ষা:

১. ভর্তি পরীক্ষা ০১/০১/২০২৫ ইং তারিখ সকাল ০৯:০০ টায় আরম্ভ হবে।
২. ভর্তি পরীক্ষার সময় ভর্তি পরীক্ষার প্রবেশপত্র সাথে নিয়ে আসতে হবে।
৩. শিক্ষার্থী যে শ্রেণিতে ভর্তি হতে ইচ্ছুক সেই শ্রেণির পূর্বের শ্রেণির পাঠ্যবই থেকে পরীক্ষা নেওয়া হবে।
৪. বাংলা, ইংরেজি, গণিত ও আরবী বিষয়ের উপর পরীক্ষা নেওয়া হবে।

#### ভর্তির নিয়মাবলী:

১. ভর্তি পরীক্ষার ফলাফলের মেধাক্রম অনুসারে ভর্তি নিতে হবে।
২. ভর্তির সময় নিম্নোক্ত কাগজগুলো জমা দিতে হবে:
  - ক) অনলাইন আবেদন ফরমের মূলকপি
  - খ) জন্ম সনদের ফটোকপি
  - গ) শিক্ষার্থীর দুইকপি সদ্যতোলা পাসপোর্ট সাইজের ছবি।
  - ঘ) পিতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
  - ঙ) মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
  - চ) ছাড়পত্র (পূর্বে যে প্রতিষ্ঠানে অধ্যয়ন করেছে)।
৩. উপরোক্ত কাগজগুলো ব্যতিত ভর্তি নেওয়া হবে না।

আবেদন করতে কোনো সমস্যা হলে যোগাযোগ করুন: ০১৪০৭ ০২১৮২২

ইমেইল: [jamiahraj.edu@gmail.com](mailto:jamiahraj.edu@gmail.com)